বাংলাদেশ টেলিভিশন
মহাপরিচালকের দপ্তর
ডায়েরী নং ৮৭০
তারিখ ২৮/৮/২৪

পরিচালক (প্রশাসন)-এর কার্যালয়
ডায়েরী নং ৪৪৫৯ তারিখ ২৮/০৮/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
টিভি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

৩৮৮৩ ২৮/০৮/২৪

নং-১৫.০০.০০০০.০২৪.১৮.১৬৭.১১-৫৫৪

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১ / ২৭ আগস্ট ২০২৪

**বিষয়ঃ বাংলাদেশ টেলিভিশনের শিল্পী ও কলাকুশলী তালিকাভুক্তি/অডিশন/গ্রেডেশন/পুনর্মূল্যায়ন নীতিমালা-২০২৪ অনুমোদন।**

সূত্রঃ (১) এ মন্ত্রণালয়ের ২৩ জুন ২০১৫ তারিখে জারিকৃত ১৫.০০.০০০০.০২৪.১৮.১৬৭.১১-৫৮১ সংখ্যকপত্র।
(২) বিটিভির ২৫.০৬.২০২৩ তারিখের বিটিভি/প্রশাসন-১/২/(ঘ)/১/১২০২ সংখ্যকপত্র।

উপর্যুক্ত বিষয়ে ১ নম্বর সূত্রোস্থ পত্রে "বাংলাদেশ টেলিভিশনের শিল্পী, নাট্যকার, গীতিকার, পাণ্ডুলিপিকার রচয়িতা ও কলাকুশলী তালিকভুক্তি এবং গ্রেডেশন নির্ধারণ সংক্রান্ত নীতিমালা" অনুমোদন প্রদান করা হয়। বিবেচ্য নীতিমালাটি সংশোধনের জন্য ২ নম্বর সূত্রোস্থ পত্রের প্রস্তাবে পরিপ্রেক্ষিতে সংশোধিত খসড়া "বাংলাদেশ টেলিভিশনের শিল্পী ও কলাকুশলী তালিকাভুক্তি/অডিশন/গ্রেডেশন/পুনর্মূল্যায়ন নীতিমালা-২০২৪" অনুমোদিত হয়েছে।

০২। এমতাবস্থায়, সংশোধিত ও অনুমোদিত খসড়া নীতিমালাটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৪(চার) পাতা।

২৭/০৮/২৪
(মুহাম্মদ শরিফুল হক)
উপসচিব
ফোনঃ ২২৩৩৫১১৩৫
ই-মেইলঃ tv2@moi.gov.bd

| পরিচালক (প্রশাসন)-এর কার্যালয় | |
|---|---|
| অতিঃ পরিঃ (প্রঃ) | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| উপ-পরিঃ (প্রঃ) | |
| সহঃ পরিঃ (প্রঃ) | উপস্থাপন করুন |
| নিরাপত্তা অফিসার | তদন্ত করুন |
| সহঃ পরিঃ (ক্রয়) | তাগিদ দিন |
| পি.এ | স্মরণ করিয়ে দিন |

পরিচালক (প্রশাসন)

মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন
রামপুরা, ঢাকা।

অনুলিপি:
০১। উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য]।
০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।

| | |
|---|---|
| দপ্তর প্রধান | ঢাকা / চট্টগ্রাম কেন্দ্র |
| (প্রশাঃ ও অর্থ) | জেনারেল ম্যানেজার |
| প্রম (অনুঃ) | মুখ্য বার্তা সম্পাদক |
| প্রম (বার্তা) | |
| প্রধান প্রকৌশলী | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| পরিচালক (প্রশাসন) | |
| পরিচালক (অর্থ) | |
| পরিচালক (বিজ্ঞাপন) | উপস্থাপন করুন |
| পরিচালক (বার্তা) | |
| পরিচালক (ডিজাইন) | কথা বলুন |
| পরিচালক (ফটোগ্রাফি) | |
| পরিচালক (অনুষ্ঠান) | তাগিদ দিন |
| পরিচালক (আন্তঃ) | |
| সিস্টেম এনালিস্ট | |
| কন্ট্রোলার লাইসেন্স | |
| মহাপরিচালক | |

AD-2
২৮/০৮/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
টিভি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৪.১৮.১৬৭.১১-৫৫৪

তারিখঃ ১২ ভাদ্র ১৪৩১ / ২৭ আগস্ট ২০২৪

**বিষয়: বাংলাদেশ টেলিভিশনের শিল্পী ও কলাকুশলী তালিকাভুক্তি/অডিশন/গ্রেডেশন/পুনর্মূল্যায়ন নীতিমালা-২০২৪।**

**১.০ শিরোনাম:**

এ নীতিমালা 'বাংলাদেশ টেলিভিশনের শিল্পী ও কলাকুশলী তালিকাভুক্তি/অডিশন/গ্রেডেশন/পুনর্মূল্যায়ন নীতিমালা-২০২৪' হিসেবে অভিহিত হবে।

**২.০ উপক্রমণিকা:**

বাংলাদেশ টেলিভিশন একটি সরকারি গণমাধ্যম। কাজেই সংশ্লিষ্ট ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন যেকোন নাগরিক টেলিভিশনের সকল অনুষ্ঠানে অংশ নিতে পারেন। তবে এ জন্য তাঁকে এ নীতিমালার আওতায় অডিও ভিজ্যুয়াল অথবা সংশ্লিষ্ট দক্ষতা পরীক্ষায় উত্তীর্ণ হয়ে তালিকাভুক্ত হতে হবে। তালিকাভুক্তির সুযোগ নেই এমন কোন বরেণ্য ব্যক্তি, শিল্পী, কলাকুশলী ও বিদেশি অতিথি অনুষ্ঠানের প্রয়োজনে মহাপরিচালকের অনুমোদনক্রমে বিটিভির যেকোন বিশেষ অনুষ্ঠানে অংশ নিতে পারবেন।

**৩.০ সংজ্ঞা:**

৩.১ 'শিল্পী' বলতে সংগীতশিল্পী, নৃত্যশিল্পী, অভিনয় শিল্পী, আবৃত্তিকার, সংবাদ পাঠক/পাঠিকা, সংবাদ উপস্থাপক/উপস্থাপিকা, অনুষ্ঠান উপস্থাপক/উপস্থাপিকা, নাট্যকার, গীতিকার, সংগীত পরিচালক, সুরকার, নৃত্য পরিচালক, বাদ্যযন্ত্রী ও ধর্মীয় অনুষ্ঠানে অংশগ্রহণকারী বুঝাবে;

৩.২ 'কলাকুশলী' বলতে অতিথি চিত্রগ্রাহক, আলোক নির্দেশক, লাইটিং ম্যান, এডিটর, ডিজাইনার, মেকআপ ম্যান, ড্রোন ম্যান, ড্রোন সহকারী, অনুষ্ঠান সহযোগী ও কর্তব্যরত সহযোগী এবং চুক্তিতে যেকোন পদে নিয়োজিত ব্যক্তিকে বুঝাবে;

৩.৩ 'কর্তৃপক্ষ' বলতে বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালক বা মহাপরিচালক কর্তৃক মনোনীত বাংলাদেশ টেলিভিশনের কর্মকর্তাকে বুঝাবে;

৩.৪ 'কর্তৃপক্ষ' প্রয়োজনে শিল্পী ও কলাকুশলীর সংজ্ঞা সংযোজন ও বিয়োজন করতে পারবে;

৩.৫ 'বোর্ড' বলতে 'কর্তৃপক্ষ' কর্তৃক গঠিত তালিকাভুক্তি/অডিশন/গ্রেডশন/পুনর্মূল্যায়ন বোর্ডকে বুঝাবে;

**৪.০ তালিকাভুক্তির জন্য আবেদন প্রক্রিয়া:**

৪.১ তালিকাভুক্তির জন্য আগ্রহী ব্যক্তিগণ বিটিভির ওয়বসাইটে প্রকাশিত নির্ধারিত ফরমে অথবা অনলাইনে আবেদন করতে পারবেন। একজন প্রার্থী বিভিন্ন কেন্দ্রে একাধিক বিষয়ে তালিকাভুক্তির জন্য অংশ নিতে পারবেন তবে তালিকাভুক্ত সংশ্লিষ্ট কেন্দ্রেই তিনি অংশগ্রহণ করতে পারবেন।

৪.২ তালিকাভুক্তির জন্য একজন প্রার্থীর বয়স নূন্যতম ১৮ (আঠারো) বছর, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি, সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতার প্রমাণক এবং সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি প্রয়োজন হবে।

৪.৩ নাট্যকার ও গীতিকার হিসেবে তালিকাভুক্তির জন্য আগ্রহী ব্যক্তিবর্গ তাঁদের রচিত পান্ডুলিপি সংযুক্ত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে।

৪.৪ প্রার্থীদের আবেদনপত্র কমিটির মাধ্যমে বাছাই করে দক্ষতা পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাবেন।

চলমান পাতা-০২

**৭.০ গ্রেডেশন ও পুনর্মূল্যায়ন কমিটি:**

৭.১ প্রতি ০৩ (তিন) বছর পর পর পুনর্মূল্যায়নের মাধ্যমে একজন তালিকাভুক্ত শিল্পী নির্ধারিত গ্রেড থেকে তৎপরবর্তী উচ্চতর গ্রেডে উত্তীর্ণ হবেন। এক্ষেত্রে নিম্নরূপ একটি পুনর্মূল্যায়ন কমিটি থাকবে:

| | | |
|---|---|---|
| (ক) উপ-মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা) বিটিভি | - | সভাপতি |
| (খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ০৩ (তিন) জন বিশেষজ্ঞ | - | সদস্য |
| (গ) জেনারেল ম্যানেজার/সংশ্লিষ্ট অনুষ্ঠান অধ্যক্ষ/ মুখ্য বার্তা সম্পাদক | - | সদস্য-সচিব |

৭.২ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট শিল্পীর বিবেচ্য বিষয়ে বিটিভিতে প্রচারিত অডিও ভিজুয়াল সিডি/ডিভিডি প্রযোজ্য ডিভাইস/পান্ডুলিপি রিভিউ করে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন করবে। মহাপরিচালকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শিল্পীর গ্রেডেশন পরিবর্তন সংক্রান্ত অফিস আদেশ জারি করবেন।

৭.৩ ৭.১ এ বর্ণিত পুনর্মূল্যায়ন কমিটি পুনর্মূল্যায়নের ভিত্তিতে শিল্পীদের নিম্ন গ্রেডে অবনমন বা তালিকা থেকে নাম কর্তনের বিষয়ে সুপারিশ করতে পারবেন।

**৮.০ শৃঙ্খলাজনিত কারণে তালিকাভুক্তি রহিতকরণ:**

৮.১ বিটিভিতে তালিকাভুক্ত কোন শিল্পীর আচরণ বা কার্যকলাপ বিটিভির স্বাভাবিক কর্মপরিবেশ/নিরাপত্তার জন্য হুমকি হিসেবে বিবেচিত হলে মহাপরিচালক সংশ্লিষ্ট শিল্পীর তালিকাভুক্তি স্থগিত/বাতিল করার আদেশ দিতে পারবেন।

৮.২ তালিকাভুক্ত কোন শিল্পী নৈতিক শৃঙ্খলাজনিত কারণে অথবা ফৌজদারী অপরাধজনিত কারণে দোষী সাব্যস্থ হলে/শাস্তিপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিল্পীর তালিকাভুক্তি স্থগিত/বাতিল করতে পারবেন।

**৯.০ অডিশন বোর্ডের সদস্যদের সম্মানী:**

৯.১ বোর্ডের সদস্যগণ তালিকাভুক্তি/গ্রেডেশন/পুনর্মূল্যায়ন নির্ধারণী বোর্ডে উপস্থিতির জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন।

**১০.০ আপীল:**

১০.১ অডিশন/গ্রেডেশন/পুনর্মূল্যায়ন বোর্ডের কার্যক্রম ও সিদ্ধান্ত সম্পর্কে কোন প্রার্থী সংক্ষুব্ধ হলে কিংবা চূড়ান্ত তালিকা নিয়ে কোন অভিযোগ থাকলে তালিকা প্রকাশের অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মহাপরিচালক বরাবর আপীল আবেদন দাখিল করতে পারবেন। এক্ষেত্রে নিম্নরূপ একটি আপীল কমিটি গঠন হবে:

| | |
|---|---|
| (ক) মহাপরিচালক | - সভাপতি |
| (খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি ০২ জন (যারা অডিশন/গ্রেডেশন ও পুনর্মূল্যায়ন কমিটিতে অন্তর্ভুক্ত নেই) | - সদস্য |
| (গ) উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা) | - সদস্য |
| (ঘ) পরিচালক (অনুষ্ঠান/মুখ্য বার্তা সম্পাদক) | - সদস্য-সচিব |

১০.২ আপীল কমিটি আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তি করবেন। আপীল কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

চলমান পাতা-০৪

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডাইরী নং ৭৫৩ তারিখ ০২/০৯/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯
www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.০৫.০৬৪.১৫(অংশ-৪) ১৮৩১

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩১ / ০১ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: বাংলাদেশ টেলিভিশনের শিল্পী ও কলাকুশলী তালিকাভুক্তি/অডিশন/গ্রেডেশন/পুনর্মুল্যায়ন নীতিমালা-২০২৪ অনুমোদন।

সূত্র: নং-১৫.০০.০০০০.০২৪.১৮.১৬৭.১১-৫৫৪, তারিখ: ২৭.০৮.২০২৪ (তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পত্র)।

উল্লিখিত বিষয় ও সূত্রপত্রের প্রেক্ষিতে বাংলাদেশ টেলিভিশনের সংশাধিত ও অনুমোদিত খসড়া শিল্পী ও কলাকুশলী তালিকাভুক্তি/অডিশন/গ্রেডেশন/পুনর্মুল্যায়ন নীতিমালা-২০২৪ সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ...০১২..পাতা।

মো: নাজিম উদ্দিন
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩১৯৪০ (অফিস)

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে-

০১। উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০২। পরিচালক (অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৪। পরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।
০৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৮। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা-
উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। গার্ড নথি।

| সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয় | |
|---|---|
| সিস্টেম এনালিস্ট | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রোগ্রামার-১ | উপস্থাপন করুন |
| প্রোগ্রামার-২ | কথা বলুন |
| পিএ | তাগিদ দিন |
| | |
| | সিনিয়র সিস্টেম এনালিস্ট ০২/৯/২৪ |

kalam new.doc/1510